# সোনালী ব্যাংক পিএলসি

আমিন জুট মিলস্ শাখা, চট্টগ্রাম।

(মোবাইল নং: ০১৭৬৯-১১০১০৩)

**অর্থঋণ আদালত আইন-২০০৩ (সংশোধনী ২০১০) এর ১২(৩) ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তির**

**-ঃ নিলাম বিজ্ঞপ্তি ঃ-**

**ঋণগ্রহীতা/ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা:** মেসার্স নূরে মদিনা, প্রোপ্রাইটরঃ মোঃ আইয়ুব চৌধুরী, পিতা: রশিদ আহম্মদ চৌধুরী, মাতা: লায়লা বেগম, **ব্যবসায়িক ঠিকানা:** মেসার্স নূরে মদিনা, ৮৪২, হাটহাজারী রোড, আতুরার ডিপো, ডাকঘর: আমিন জুট মিলস্-৪২১১, থানা: পাঁচলাইশ, জেলা: চট্টগ্রাম।
**স্থায়ী ঠিকানা :** হাজী ওয়ালিদুর রহমান চৌধুরীর নতুন বাড়ী, গ্রাম: আশিয়া (মাল্লা পাড়া), পোষ্ট: বাংলা বাজার, থানা: পটিয়া, জেলা: চট্টগ্রাম।
**বর্তমান ঠিকানা :** প্রযত্নে: ইসলাম বিল্ডিং, হামজা খাঁ লেইন, হামজার বাগ, ডাকঘর: আমিন জুট মিলস্-৪২১১, থানা: পাঁচলাইশ, জেলা: চট্টগ্রাম।

এই মর্মে সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, অত্র শাখা হইতে গৃহীত উপরোক্ত ঋণগ্রহীতা/ ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের ঋণ হিসাবে ০৭ মে, ২০২৫ তারিখ ভিত্তিক অনারোপিত সুদ ব্যতীত ব্যাংকের পাওনা =১,০৩,৫১,৭০২.৩৩ (কথায়: এক কোটি তিন লক্ষ একান্ন হাজার সাতশত দুই টাকা তেত্রিশ পয়সা মাত্র) টাকা এবং আদায়কালতক অনারোপিত সুদসহ অন্যান্য পাওনাদি আদায়ের নিমিত্ত অত্র শাখার অনুকূলে বন্ধকীকৃত নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তি (নির্মাণাদিসহ) অর্থঋণ আদালত আইন- ২০০৩ (সংশোধনী ২০১০) এর ১২ (৩)ধারা বিধান মোতাবেক নিলামে বিক্রয় করা হইবে। নিলাম ক্রয়ে আগ্রহী ক্রেতাগণের নিকট হইতে নিম্নবর্ণিত শর্তাবলীতে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাইতেছে ঃ

## ঃ বন্ধকীকৃত সম্পত্তির তফসিল ঃ

জেলা: চট্টগ্রাম, থানা: পাঁচলাইশ, মৌজা: পশ্চিম ষোলশহর, আর এস খতিয়ান নং: ৪৬, আর এস দাগ নং: ৮৮৪, বি এস মিউটেশন খতিয়ান নং: ৫৯৪/১ ও বি এস দাগ নং: ৩২৫১, জমির পরিমাণ: ০.১০১৯ একর বা ১০.১৯ শতক এবং তদস্থিত নির্মিত/নির্মিতব্য স্থাপনাদি। চৌহদ্দি: উত্তরে জনাব হান্নান মাষ্টার এর বাড়ী, দক্ষিণে ত্রিপুরা খাল (সংকুচিত), পূর্বে জনাব ওয়াহিদ আজগর এর বাড়ী এবং পশ্চিমে জনাব দেলোয়ার হোসেন এর বাড়ী।

## শর্তসমূহ ঃ

১. আগামী ১১/০৮/২৫ তারিখ বেলা ৪.০০ ঘটিকার মধ্যে দরপত্র সোনালী ব্যাংক পিএলসি, আমিন জুট মিলস্ শাখা, চট্টগ্রাম ও প্রিন্সিপাল অফিস, চট্টগ্রাম-উত্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম-এ রক্ষিত দরপত্র বাক্সে জমা দিতে হইবে। ঐ দিনই বেলা ৪.১৫ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। দরপত্র সরাসরি অথবা রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে উক্ত শাখা এবং প্রিন্সিপাল অফিস এ পৌছাইতে হইবে।

২. দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে বন্ধকী সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে। দরপত্রে দরপত্র দাতার নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর এবং প্রস্তাবিত একক প্রতি দর ও মোট মূল্য অথবা গুদামে মজুদ সমুদয় মালামাল (যেখানে যে অবস্থায় রহিয়াছে)/সম্পত্তির মোট প্রস্তাবিত মূল্য উল্লেখ করিতে হইবে।

৩. দরপত্র দাখিল করিবার সময় প্রযোজ্য আর্নেষ্ট মানি ও মূল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হইল ঃ

| আর্নেষ্ট মানি/জামানতের পরিমাণ | | অবশিষ্ট মূল্য পরিশোধের সময়সীমা |
|---|---|---|
| ক) উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের | ২০% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ দিবসের মধ্যে |
| খ) উদ্ধৃত দর ১০.০১ লক্ষ টাকা হইতে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের | ১৫% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে |
| গ) উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক হইলে দরপত্র মূল্যের | ১০% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ দিবসের মধ্যে |

৪. দাখিলকৃত দরপত্রে উল্লেখিত অবশিষ্ট মূল্য নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধে ব্যর্থতায় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানতের অর্থ একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে মালামাল/সম্পত্তি নিলাম খরিদ করিতে আহবান করা হইবে; এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা (আহূত হইবার পর ৩নং অনুচ্ছেদে নির্ধারিত সময়সীমার মধ্যে) সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানতও বাজেয়াপ্ত করা হইবে। বাজেয়াপ্তকৃত জামানতের টাকা উক্ত দাবীকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।

৫. দরপত্রে উল্লেখিত মালামাল/তফসিলভূক্ত সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করিতে পারিবে।

৬. দরপত্র দাতা এক বা একাধিক তফসিলে বর্ণিত সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র জমা দিতে পারিবেন। তবে একই তফসিল ভূক্ত সম্পত্তির আংশিক দরপত্র গ্রহনযোগ্য হইবে না।

৭. নিলাম ক্রেতা কর্তৃক সমুদয় মূল্য পরিশোধের পর প্রয়োজনীয় আইনানুগ আনুষ্ঠানিকতা সম্পাদন সাপেক্ষে নিলাম ক্রেতার অনুকূলে মালামাল/সম্পত্তি হস্তান্তর করা হইবে। নিলাম ক্রেতাকে মালামাল হস্তান্তরের/সম্পত্তির রেজিস্ট্রেশন, দখল সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করিতে হইবে। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরপত্র দাতাকে বহন করিতে হইবে।

৮. ঋণগ্রহীতা/প্রতিষ্ঠানের নিকট নিলামতব্য সম্পত্তি/মালামাল সংক্রান্ত সরকারী কর/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কোন দাবী/পাওনা যথা বিদ্যুৎ, গ্যাস, পানির বিল, পৌরকর, ভূমিকর ইত্যাদি বকেয়া থাকিলে তাহা নিলাম ক্রেতাকে বহন করিতে হইবে।

৯. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো কিংবা কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করে।

১০. দরপত্র গৃহীত না হইলে দরপত্র দাতাকে জামানতের টাকা সর্বোচ্চ ৩ (তিন) কর্মদিবসের মধ্যে ফেরত দেওয়া হইবে।

১১. নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বন্ধকী সম্পত্তি সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর সহিত যোগাযোগ করিতে পারিবেন।

Meherunnesa (G-41841)
Manager (Senior Principal Officer)
Sonali Bank PLC.
Amin Jute Mills Br. Chattogram.

(মেহেরুননেছা)
ম্যানেজার (সিনিয়র প্রিন্সিপাল অফিসার)
সোনালী ব্যাংক পিএলসি
আমিন জুট মিলস শাখা, চট্টগ্রাম।
মোবাইল: ০১৭৬৯-১১০১০৩